

**পরিবার সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৯ খ্রিঃ)**

**মূল্যমানঃ** ১০,০০০ টাকা; ২০,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা।

**কোথায় পাওয়া যায়ঃ** জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংকের শাখাসমূহ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

**মেয়াদঃ** ৫ (পাঁচ) বছর।

**মুনাফা হারঃ**

ক্রমিক নং	সঞ্চয় স্কিমের নাম	মেয়াদ (উত্তীর্ণ হইলে)	বিদ্যমান মুনাফার হার	ক্রমিক ১-৭ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপূঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ:		
				১৫,০০,০০০ টাকা পর্যন্ত	১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০	৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব
				পুনঃনির্ধারিত মুনাফার হার (%)		
০৪	পরিবার সঞ্চয়পত্র	১ম বছরান্তে	৯.৫০%	৯.৫০	৮.৬৬	৭.৮৩
		২য় বছরান্তে	১০.০০%	১০.০০	৯.১১	৮.২৫
		৩য় বছরান্তে	১০.৫০%	১০.৫০	৯.৫৭	৮.৬৬
		৪র্থ বছরান্তে	১১.০০%	১১.০০	১০.০৩	৯.০৭
		৫ম বছরান্তে	১১.৫২%	১১.৫২	১০.৫০	৯.৫০

মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপরিউক্ত ছকে উল্লিখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

**উৎসে করঃ** ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ৫% হারে এবং এর অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

**যারা ক্রয় করতে পারবেনঃ**

- (ক) ১৮ (আঠার) ও তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী মহিলা;
- (খ) যে কোন বাংলাদেশী শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং
- (গ) ৬৫ (পঁয়ষট্টি) ও তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী (পুরুষ ও মহিলা) নাগরিক।

**ক্রয়ের উর্ধ্বসীমাঃ** একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকা।

**অন্যান্য সুবিধাঃ**

- (ক) মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;
- (খ) নমিনি নিয়োগ / পরিবর্তন ও বাতিল করা যায়;
- (গ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনি সাথে সাথেই সঞ্চয়পত্র নগদায়ন করে টাকা উত্তোলন করতে পারেন অথবা মেয়াদ পূর্ণ হওয়া পর্যন্ত যথারীতি মাসে মাসে মুনাফা উত্তোলন করতে পারেন।

**বিঃদ্রঃ** ৫ (পাঁচ) বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে সমন্বিতভাবে একক নামে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা অথবা যুগ্মনামে সর্বোচ্চ ১ কোটি টাকা বিনিয়োগ করা যাবে। উল্লেখ্য যে, পরিবার সঞ্চয়পত্র যৌথ নামে ক্রয় করা যায় না।